# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
BANGLADESH SHIPPING CORPORATION
www.bsc.gov.bd

## ৪৭তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ৪৭তম বার্ষিক সাধারণ সভা আগামী ২২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় চট্টগ্রাম বোট ক্লাব, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ :-

১। ৩০ জুন ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের সামগ্রিক কর্মকান্ডের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন

২। ৩০ জুন ২০২৪ খ্রি. তারিখে সমাপ্ত অর্থ-বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও তদসংশ্লিষ্ট বিষয়ে বহিঃযুগ্ম-নিরীক্ষক কর্তৃক প্রদত্ত প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন

৩। ২০২৪-২৫ অর্থ-বছরের বার্ষিক হিসাব নিরীক্ষার জন্য বহিঃযুগ্ম-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ

৪। ২০২৪-২৫ অর্থ-বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স নিরীক্ষক নিয়োগ

৫। ২০২৩-২৪ অর্থ-বছরের জন্য পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ ঘোষণা

৬। নির্বাহী পরিচালকগণকে (ব্যবস্থাপনা পরিচালকসহ) পরিচালনা পর্ষদের সভায় সম্মানি প্রদানের বিষয় অনুমোদন

৭। RPO-এর মাধ্যমে সংগৃহীত তহবিল ব্যয়ের সময়সীমা ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন

পরিচালনা পর্ষদের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ : চট্টগ্রাম, ২৬ নভেম্বর ২০২৪ খ্রি.

সচিব, বিএসসি

বিশেষ দ্রষ্টব্য:

(১) রেকর্ড তারিখ (Record Date) ২৪ নভেম্বর ২০২৪ খ্রি. (রবিবার)। রেকর্ড তারিখ (Record Date)-এ কর্পোরেশনের যে সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম ডিপোজিটরি রেজিস্টারে / মেম্বার রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে কেবল সে সকল শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদান করতে পারবেন এবং লভ্যাংশ (অনুমোদিত হলে) পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।

(২) বার্ষিক সাধারণ সভায় যোগদান ও ভোট প্রদানের যোগ্য যেকোন ব্যক্তি তার পক্ষে প্রক্সি মনোনীত করতে পারবেন। যথাযথভাবে পূরণকৃত, স্বাক্ষরিত ও ১০০/- টাকার রাজস্ব টিকেট সংবলিত প্রক্সি ফরম অবশ্যই সভা শুরুর অন্ততঃ ৪৮ ঘন্টা আগে বিএসসি'র প্রধান কার্যালয়ের শেয়ার শাখায় (সচিব, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম ঠিকানায়) পৌঁছাতে হবে।

(৩) প্রক্সি ফরমের সফট কপি বার্ষিক প্রতিবেদনের সফট কপির সাথে সম্মানিত শেয়ারহোল্ডাগণের বিও/ফলিও অ্যাকাউন্টে উল্লিখিত ই-মেইল ঠিকানায় পাঠানো হবে এবং কোম্পানীর ওয়েবসাইট: www.bsc.portal.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া প্রক্সি ফরম বার্ষিক প্রতিবেদন ও কর্পোরেশনের শেয়ার শাখা থেকে সংগ্রহ করা যাবে।

(৪) বিএসইসি'র ২৪ অক্টোবর ২০১৩ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার সামগ্রী/ উপহার কুপন/ যাতায়াত ভাতা প্রদানের ব্যবস্থা থাকবে না।